মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
web: www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই ৩৭(৫৬১) তারিখঃ ১৫- ১০-২০১৫ খ্রিঃ

বিষয় : **২০১৫-২০১৬ বর্ষের আন্তঃকলেজ ফুটবল(ছাত্র) ও হ্যান্ডবল(ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ**

আদিষ্ট হয়ে আপনাকে জানান যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর উদ্যোগে ২০১৫-২০১৬ বর্ষের আন্তঃকলেজ ফুটবল(ছাত্র) ও হ্যান্ডবল(ছাত্রী) প্রতিযোগিতা ২০১৬ সালের জানুয়ারী মাসে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজসমূহকে অত্রসাথ সংযুক্ত খেলোয়াড় নিবন্ধন ফরম পূরণ করে কলেজ প্যাডে খেলোয়াড়দের তালিকাসহ আগামী **১৫-১২-২০১৫ খ্রিঃ** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছানোর জন্য অনুরোধ করা হ'ল। ডাক বিভ্রাট বা অন্য কোন কারণে **নির্ধারিত তারিখের মধ্যে এন্ট্রি না পৌছালে এন্ট্রি সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না।** কলেজ থেকে এন্ট্রি(আবেদন) প্রেরণের সময় পত্রের সাথে সংযুক্ত ২০১৫-২০১৬ বর্ষের খেলাধুলার জন্য প্রস্তুতকৃত ক্রীড়া নিবন্ধন ফরম (নমুনা অনুযায়ী ফটোকপি করে) অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের দ্বারা পূরণপূর্বক স্বাক্ষর করে প্রেরণ করতে হবে। ক্রীড়া নিবন্ধন ফরমের উপর নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি আইকা আঠা দ্বারা লাগিয়ে ছবির উপরে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে প্রেরণ করতে হবে। অংশগ্রহণকারী খেলোয়াড়ের(ছাত্র ও ছাত্রীর) কলেজে রক্ষিত টটলিস্টের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে খেলোয়াড় তালিকার সাথে প্রেরণ করতে হবে। এছাড়া ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত খেলোয়াড়দের (ছাত্র ও ছাত্রীদের) যশোর শিক্ষা বোর্ডের ছাড়পত্রের ফটোকপি ও সংশ্লিষ্ট ছাত্র /ছাত্রীর নতুন কলেজের ভর্তি রেজিষ্টারে উল্লেখিত অংশের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে ক্রীড়া নিবন্ধন ফরমের সাথে প্রেরণ করতে হবে। খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম বোর্ডে জমা হবার পর উক্ত নিবন্ধন ফরমের কলেজ কপি বোর্ডের ক্রীড়া বিভাগ কর্তৃক সীল/স্বাক্ষর শেষে কলেজ কর্তৃপক্ষকে ফেরত দেয়া হবে। **২০১৫-২০১৬ বর্ষের আন্তঃকলেজ খেলাধুলার জন্য পত্রের সাথে সংযুক্ত ক্রীড়া নিবন্ধন ফরমটি পূরণ পূবর্ক প্রেরণ করতে হবে। পূর্ববর্তী বর্ষের খেলাধুলার জন্য প্রেরিত ক্রীড়া নিবন্ধন ফরম ব্যবহার করা যাবে না। সেক্ষেত্রে ফরমটি বাতিল করা হবে।**

১। <u>খেলাধুলায় অংশগ্রহণের যোগ্যতা :</u>

ক) যশোর শিক্ষা বোর্ডের অধীনে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রী যারা **২০১৪ ও ২০১৫** সালে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়ন করছে, কেবলমাত্র তারাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

খ) আন্তঃকলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপিসহ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র, মূল নিবন্ধন রসিদ ও অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত মাধ্যমিক/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং অংশগ্রহণকারী খেলোয়াড়ের(ছাত্র ও ছাত্রীর) কলেজে রক্ষিত টটলিস্টের (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) ফটোকপি প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে হবে। পত্রে উল্লেখিত কোন কাগজপত্র প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে ব্যর্থ হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট খেলোয়াড় (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। **যশোর শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীই কেবলমাত্র আন্তঃকলেজ ফুটবল(ছাত্র) ও হ্যান্ডবল(ছাত্রী) খেলাধুলায় অংশগ্রহণ করতে পারবে।**

২। <u>খেলাধুলার বিষয় :</u>

<u>ক) ফুটবল (ছাত্র) :</u> প্রতিটি কলেজ দল ২৫ (পঁচিশ) জন খেলোয়াড়ের(ছাত্রের) জন্য ক্রীড়া নিবন্ধন ফরম পূরণ করতে পারবে। এই ২৫ (পঁচিশ) জন খেলোয়াড়ের মধ্য হতে ১৬ (ষোল) জন খেলোয়াড় সমন্বয়ে দল গঠন করতে হবে। সর্বোচ্চ ১৬ (ষোল) জন খেলোয়াড় আর্থিক সুবিধা পাবে।

<u>খ) হ্যান্ডবল (ছাত্রী) :</u> প্রতিটি কলেজ দল ২০ (বিশ) জন খেলোয়াড়ের জন্য ক্রীড়া নিবন্ধন ফরম পূরণ করতে পারবে। এই ২০(বিশ) জন খেলোয়াড়ের মধ্য হতে ১২ (বার) জন খেলোয়াড় সমন্বয়ে দল গঠন করতে হবে। সর্বোচ্চ ১২ (বার) জন খেলোয়াড় আর্থিক সুবিধা পাবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

৩। **আর্থিক সুযোগ সুবিধা (আঞ্চলিক ও চূড়ান্ত পর্বে):**
অংশগ্রহণকারী কলেজের প্রতিজন খেলোয়াড়কে (ছাত্র ও ছাত্রীকে) দৈনিক ডি, এ বাবদ ২০০/০০(দুইশত) টাকা হারে এবং শিক্ষক প্রতিনিধিকে ২৫০/০০(দুইশত পঞ্চাশ) টাকা হারে প্রদান করা হবে। এ ছাড়াও প্রতিযোগিতা অনুষ্ঠিত হবার আগের দিন ও পরের দিন নির্ধারিত দৈনিক ডি, এ এর অর্ধেক প্রদান করা হবে এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের খেলোয়াড় (ছাত্র ও ছাত্রী) ও শিক্ষক প্রতিনিধিকে নিয়মানুযায়ী (নিজ কলেজ থেকে ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজে যাওয়া এবং নিজ কলেজে ফেরত আসা বাবদ) প্রকৃত যাতায়াত ভাড়া প্রদান করা হবে।

৪। **ব্যবস্থাপনার দায়িত্ব সংক্রান্ত :**
২০১৫-২০১৬ বর্ষের আন্তঃকলেজ ফুটবল(ছাত্র) ও হ্যান্ডবল(ছাত্রী) প্রতিযোগিতার ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণেচ্ছুক কলেজের অধ্যক্ষকে নিজ কলেজের খেলার মাঠের পরিমাপ, অংশগ্রহণকারী কলেজের শিক্ষক প্রতিনিধি ও খেলোয়াড়দের নিজ কলেজ ভবনে আবাসন, খাবার পানি, সেনিটেশন, বিদ্যুৎ ব্যবস্থা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত তথ্য এবং খেলা চলাকালীন খেলার মাঠ ও আবাসন স্থানে প্রয়োজনীয় আইন শৃঙ্খলা ও সার্বিক নিরাপত্তার বিষয়টি স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে আগামী ০৭-০১-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ সংক্রান্ত পত্রটি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করতে অনুরোধ করা হল।

৫। **খেলার নাম ও এন্ট্রি প্রেরণের তারিখ :**

খেলাধুলা/প্রতিযোগিতার নাম	**এন্ট্রি প্রেরণের শেষ তারিখ**
ফুটবল(ছাত্র) ও হ্যান্ডবল(ছাত্রী)	**১৫-১২-২০১৫ খ্রিঃ**

প্রতিযোগিতায় এন্ট্রি প্রদানকারী কলেজসমূহ আগামী ০৩-০১-২০১৬ হতে ১১-০১-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে নিজ কলেজের খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি অধ্যক্ষ মহোদয়ের ক্ষমতা পত্র (Authorisation) জমা দিয়ে বোর্ডের ক্রীড়া বিভাগ হতে গ্রহণ করতে পারবে। খেলোয়াড় ক্রীড়া নিবন্ধন ফরমে প্রদত্ত তথ্য ভুল/কাটাকাটি হলে ফরমটি বাতিল বলে গন্য হবে। বাতিলকৃত ক্রীড়া নিবন্ধন ফরমের উল্লেখিত খেলোয়াড় (ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য, কোন কলেজ ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি বোর্ডের ক্রীড়া বিভাগ হতে খেলা শুরুর পূর্বে গ্রহণ না করলে সেক্ষেত্রে ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজ থেকে সংগ্রহ করা যাবে।

আপনার বিশ্বস্ত

১৫/১০/২০১৫

অধ্যক্ষ
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ

(আ, ফ, ম, আশাফুদ্দৌলা)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০৪২১-৬৫৫১৭

স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৩৭(৫৬১)/৪ **তারিখঃ ১৫- ১০-২০১৫ খ্রিঃ**

অবগতি ও কার্যার্থে প্রেরিত হল:-

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর(বোর্ডের অনলাইনে প্রকাশের অনুরোধসহ)
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৩। সচিব মহোদয়ের স্টেনো, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৪। সংশ্লিষ্ট নথি।

(আ, ফ, ম, আশাফুদ্দৌলা)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০৪২১-৬৫৫১৭

অফিস কপি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০১৫-২০১৬ বর্ষের আন্তঃকলেজ খেলাধুলা

ক্রীড়া নিবন্ধন ফরম

(ছাত্র/ছাত্রীকে নিজ হাতে পূরণ করতে হবে ।)

[illegible] পাসপোর্ট সাইজের ছবি আইকা আঠা দ্বারা লাগিয়ে ছবির উপরে অধ্যক্ষের সত্যায়ন হবে

১ । নাম : ....

২ । পিতার নাম : ....

২ । মাতার নাম : ....

৩ । কলেজের নাম : ....

৪ । কলেজের শ্রেণি, রোল নম্বর, শিক্ষা বর্ষ ও শাখার নাম :

একাদশ/দ্বাদশ			মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা

৫ । মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, পাশের সন, কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড :

৬ । কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির তারিখ, মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন নম্বর ও শিক্ষাবর্ষ :

৭ । অংশগ্রহনেচ্ছু খেলাধুলা নাম : ....

৮ । খেলাধূলায় অংশগ্রহনকারী ছাত্র ও ছাত্রীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে Online Student ID : ....

খেলোয়াড় (ছাত্র/ছাত্রী)-এর স্বাক্ষর

প্রত্যয়ন করা যাচ্ছে যে, ক্রীড়া নিবন্ধন ফরম পূরণকৃত ছাত্র/ছাত্রী আমার কলেজের একাদশ/দ্বাদশ শ্রেণির ছাত্র/ছাত্রী । সে ভর্তি বাতিল করে নাই অথবা কলেজ পরিবর্তন করে অন্য কলেজে ভর্তি হয় নাই ।

প্রতিস্বাক্ষর

শারীরিক শিক্ষা শিক্ষকের স্বাক্ষর ও মোবাঃ নং

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর ।

কলেজ কপি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০১৫-২০১৬ বর্ষের আন্তঃকলেজ খেলাধুলা

ক্রীড়া নিবন্ধন ফরম

(ছাত্র/ছাত্রীকে নিজ হাতে পূরণ করতে হবে ।)

[illegible] পাসপোর্ট সাইজের ছবি আইকা আঠা দ্বারা লাগিয়ে ছবির উপরে অধ্যক্ষের সত্যায়ন হবে

১ । নাম : ....

২ । পিতার নাম : ....

২ । মাতার নাম : ....

৩ । কলেজের নাম : ....

৪ । কলেজের শ্রেণি, রোল নম্বর, শিক্ষা বর্ষ ও শাখার নাম :

একাদশ/দ্বাদশ			মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা

৫ । মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, পাশের সন, কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড :

৬ । কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির তারিখ, মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন নম্বর ও শিক্ষাবর্ষ :

৭ । অংশগ্রহনেচ্ছু খেলাধুলা নাম : ....

৮ । খেলাধূলায় অংশগ্রহনকারী ছাত্র ও ছাত্রীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে Online Student ID : ....

খেলোয়াড় (ছাত্র/ছাত্রী)-এর স্বাক্ষর

প্রত্যয়ন করা যাচ্ছে যে, ক্রীড়া নিবন্ধন ফরম পূরণকৃত ছাত্র/ছাত্রী আমার কলেজের একাদশ/দ্বাদশ শ্রেণির ছাত্র/ছাত্রী । সে ভর্তি বাতিল করে নাই অথবা কলেজ পরিবর্তন করে অন্য কলেজে ভর্তি হয় নাই ।

প্রতিস্বাক্ষর

শারীরিক শিক্ষা শিক্ষকের স্বাক্ষর ও মোবাঃ নং

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর ।